গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
প্রশাসন ও রক্ষণাবেক্ষণ
১ মিন্টো রোড, রমনা, ঢাকা
www.publiclibrary.gov.bd

স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০০.০০১.৯৯.০০০৭.২৪.৩৩৩

তারিখ: ১৫ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: গণগ্রন্থাগার অধিদপ্তরের ১৩-২০ গ্রেডের ১৭ ক্যাটাগরির ১২৬টি শূন্যপদের নিয়োগ পরীক্ষা আগামী ০২ জানুয়ারি ২০২৬ তারিখের পরিবর্তে ১০ জানুয়ারি ২০২৬ তারিখে গ্রহণের প্রশাসনিক অনুমোদন প্রদান।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণগ্রন্থাগার অধিদপ্তরের ১৩-২০ গ্রেডের ১৭ ক্যাটাগরির ১২৬টি শূন্যপদে নিয়োগ পরীক্ষা ০২ জানুয়ারি ২০২৬ তারিখে গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত পরীক্ষা গ্রহণের জন্য ইতোমধ্যে সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তিনবারের সাবেক প্রধানমন্ত্রী ও বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) চেয়ারপারসন বেগম খালেদা জিয়া চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর মৃত্যুতে আগামী বুধবার ৩১ ডিসেম্বর ২০২৫ হতে শুক্রবার ০২ জানুয়ারি ২০২৬ পর্যন্ত রাষ্ট্রীয়ভাবে শোক পালন করা হবে। এছাড়া সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মাগফেরাতের জন্য আগামী শুক্রবার ০২ জানুয়ারি ২০২৬ তারিখ বাংলাদেশের সকল মসজিদে বিশেষ দোয়া অনুষ্ঠিত হবে মর্মে অন্তর্বর্তীকালীন সরকার সিদ্ধান্ত গ্রহণ করে প্রজ্ঞাপন জারি করে।

২। বর্ণিতাবস্থায়, বিভাগীয় নির্বাচন কমিটির ৬ষ্ঠতম সভায় আগামী ০২ জানুয়ারি ২০২৬ তারিখ রাষ্ট্রীয়ভাবে শোক পালনের কর্মসূচীর মধ্যে গণগ্রন্থাগার অধিদপ্তরের ১৩-২০ গ্রেডের ১৭ ক্যাটাগরির ১২৬টি শূন্যপদে নিয়োগ পরীক্ষা গ্রহণ করা সমীচীন হবেনা এবং উক্ত পরীক্ষা আগামী ১০ জানুয়ারি ২০২৬ তারিখ রোজ শনিবার নির্ধারিত সময় ও নির্ধারিত কেন্দ্রে অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। এমতাবস্থায়, গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়োগ পরীক্ষা ০২ জানুয়ারি ২০২৬ এর পরিবর্তে ১০ জানুয়ারি ২০২৬ তারিখে নির্ধারিত সময় ও নির্ধারিত কেন্দ্রে গ্রহণের প্রশাসনিক অনুমোদন প্রদানের জন্য অনুরোধ করা হলো।

৩০-১২-২০২৫
মনীষ চাকমা
মহাপরিচালক
০২-২২২২২৯৪৫৮
dg.dpl.2012@gmail.com

সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ: আকর্ষণ:) যুগ্মসচিব (লাইব্রেরি শাখা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা